

ষষ্ঠ অধ্যায় সারচার্জ

৬৬। **স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ।-** (১) বাংলাদেশে আমদানিকৃত ও উৎপাদিত তামাকজাত সকল ধরনের পণ্যের উপর মূল্যভিত্তিক ১% হারে স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ আরোপ করা হইবে।

(২) Customs Act, 1969 (IV of 1969) এবং তদধীন প্রণীত বিধিমালার অধীন আমদানি শুল্ক (Customs duty) যে সময় এবং পদ্ধতিতে আরোপ ও আদায় করা হয় সেই একই সময় এবং পদ্ধতিতে বাংলাদেশে আমদানিকৃত তামাকজাত সকল পণ্যের ক্ষেত্রে উপ-ধারা (১) এর অধীন সারচার্জ আরোপ ও আদায়যোগ্য হইবে।

(৩) মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এবং তদধীন প্রণীত বিধিমালার অধীন মূল্য সংযোজন কর যে সময় এবং পদ্ধতিতে আরোপ ও আদায় করা হয় সেই একই সময় এবং পদ্ধতিতে বাংলাদেশে উৎপাদিত তামাকজাত সকল পণ্যের ক্ষেত্রে উপ-ধারা (১) এর অধীন সারচার্জ আরোপ ও আদায়যোগ্য হইবে।

(৪) এই ধারার উদ্দেশ্যপূরণকল্পে, জাতীয় রাজস্ব বোর্ড -

(ক) সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধিমালা প্রণয়ন করিতে পারিবে; বা

(খ) সাধারণ বা বিশেষ আদেশ জারী করিতে পারিবে।

৬৭। **পরিবেশ সুরক্ষা সারচার্জ।-** (১) পরিবেশ দূষণকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক বাংলাদেশে উৎপাদিত সকল ধরনের পণ্যের উপর মূল্যভিত্তিক ১% হারে পরিবেশ সুরক্ষা সারচার্জ আরোপ করা হইবে।

(২) মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এবং তদধীন প্রণীত বিধিমালার অধীন মূল্য সংযোজন কর যে সময় এবং পদ্ধতিতে আরোপ ও আদায় করা হয় সেই একই সময় এবং পদ্ধতিতে পরিবেশ দূষণকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক বাংলাদেশে উৎপাদিত সকল ধরনের পণ্যের ক্ষেত্রে উপ-ধারা (১) এর অধীন সারচার্জ আরোপ ও আদায়যোগ্য হইবে।

(৩) জাতীয় রাজস্ব বোর্ড, পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সহিত পরামর্শক্রমে, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, পরিবেশ দূষণকারী শিল্প প্রতিষ্ঠান নির্দিষ্ট করিবে।

(৪) এই ধারার উদ্দেশ্যপূরণকল্পে, জাতীয় রাজস্ব বোর্ড-

(ক) সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধিমালা প্রণয়ন করিতে পারিবে; বা

(খ) সাধারণ বা বিশেষ আদেশ জারী করিতে পারিবে।

(৫) এই ধারার কোনো বিধান বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১নং আইন) এর কোনো বিধানকে ক্ষুণ্ণ করিবে না।